

সামিট পাওয়ার লিমিটেড এশিয়ান পাওয়ার অ্যাওয়ার্ড ২০১৮-তে ফাস্ট-ট্র্যাক পাওয়ার প্ল্যান্ট অফ দ্যা ইয়ার খেতাবে পুরস্কৃত হলো



ফটো ক্যাপশন: সামিট গ্রুপের ভাইস চেয়ারম্যান লতিফ খানের নেতৃত্বে সামিট গাজীপুর ১ ও ২ পাওয়ারের ম্যানেজিং ডিরেক্টর ইঞ্জি. মোজাম্মেল হোসেন এবং হেড অফ প্রজেক্ট ইঞ্জি. আব্দুল হাকিম বিশ্বের অন্যতম দ্রুততম বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের জন্য ইন্দোনেশিয়ার জাকার্তায় আয়োজিত এশিয়ান পাওয়ার অ্যাওয়ার্ড ২০১৮-তে ফাস্ট ট্র্যাক পাওয়ার প্ল্যান্ট অফ দ্যা ইয়ার-এর পুরস্কার গ্রহণ করেন।

(জাকার্তা, ইন্দোনেশিয়া) ২০ সেপ্টেম্বর ২০১৮: 'বিদ্যুৎ খাতের অক্ষর' হিসেবে পরিচিত এশিয়ান পাওয়ার অ্যাওয়ার্ড ২০১৮-তে সামিট গাজীপুর ২ পাওয়ার লিমিটেড (৩০০ মেগাওয়াট) বিশ্বের অন্যতম দ্রুততম বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের স্বীকৃতি স্বরূপ ফাস্ট ট্র্যাক পাওয়ার প্ল্যান্ট অফ দ্যা ইয়ার-এর পুরস্কার অর্জন করেছে। সামিট মাত্র ৯ মাসে ৩০০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন এই বিদ্যুৎ কেন্দ্রটি স্থাপন করে এবং বিদ্যুৎ সরবরাহ শুরু করে।

বিদ্যুৎ কেন্দ্রটি এই মাসেরই (সেপ্টেম্বর ২০১৮) প্রথম দিকে দেশের বেসরকারি খাতে সর্বোচ্চ সম্মাননা, সেরা বেসরকারী বিদ্যুৎ উৎপাদনকারী-দ্রুততম সময়ে বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের জন্য বিদ্যুৎ ও জ্বালানি সগুহ ২০১৮-তে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে থেকে পুরস্কৃত হয়।

এর আগে ২০১১ সালে, সামিট নারায়নগঞ্জ পাওয়ার লিমিটেড (১০৫ মেগাওয়াট) এশিয়ান পাওয়ার অ্যাওয়ার্ড ২০১১-তে সেরা ফাস্ট ট্র্যাক প্রকল্প বাস্তবায়নের জন্য গোল্ড অ্যাওয়ার্ড অর্জন করেছিল। প্রকল্পটি মাত্র ২৭০ দিনে সম্পন্ন হয়েছিল।

বিস্তারিত তথ্যের জন্য:

মোহসেনা হাসান | ই: mohsena.hassan@summit-centre.com | মো. +৮৮০১৭১৩০৮১৯০৫